

যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটির সভা

সভা নং-১২

সভাপতি : জনাব মোঃ নজরুল ইসলাম নয়ন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়।
তারিখ : ০৭/৬/২২ খ্রিঃ
সময় : ১১:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবি ও স্বাক্ষর :

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১	জনাব মোঃ খাদেমুল আলম শিশির	চেয়ারম্যান, ১ নং তারাকান্দা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০২	জনাব মোঃ আব্দুর রহমান তালুকদার	চেয়ারম্যান, ৪ নং গালাগাঁও ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৩	জনাব মোঃ শামসুল ইসলাম	চেয়ারম্যান, ৫ নং বালিখা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৪	জনাব মোঃ একরামুল হক তালুকদার	চেয়ারম্যান, ৬ নং ঢাকুয়া ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৫	জনাব সাকির আহমেদ বাবুল	চেয়ারম্যান, ১০ নং বিসকা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৬	জনাব মোঃ রমিজ উদ্দিন আলম	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তারাকান্দা, ময়মনসিংহ।	স্বাক্ষর

সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে আলোচনা সূচী আলোচনা করতে বলেন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভার দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সম্পর্কে বিস্তারিতভাবে উপস্থাপন করেন।

০১। প্রশিক্ষণঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০২১-২০২২ খ্রিঃ অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা যুব নারীর দক্ষতা বৃদ্ধিসহ ১৪টি ব্যচে ৪২০ জন। মে/২০২২ খ্রিঃ মাস পর্যন্ত অত্র উপজেলায় প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুব মহিলার সংখ্যা ২১৯২জন। চলতি অর্ধবছরে ৪২০ জন।

০২। আত্মকর্মসংস্থানঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০২১-২২ খ্রিঃ অর্থ-বছরে আত্মকর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ৮৪ জন। অত্র উপজেলায় শুরু থেকে মে/২০২২ খ্রিঃ পর্যন্ত আত্মকর্মীর সংখ্যা ৫৬৭ জন। চলতি অর্থবছরে ৭৭ জন। অর্জিত লক্ষ্যমাত্রা শতভাগ।

০৩। যুব ঋণঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যুব ঋণ সম্পর্কে সভায় জানান যে, অত্র উপজেলায় যুব ঋণের বরাদ্দের পরিমাণ ৫২,৭০,০০০/- যা মূর্তায়মান তহবিল হিসাবে বর্তমানে ৫৯৭৮৫৭৯/- হয়েছে। ২০২১-২২ খ্রিঃ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯০ জনকে ৪৯,৫০,০০০/- মে/২০২২ খ্রিঃ পর্যন্ত ইতিমধ্যে ৫৩ জনকে ৩১২০০০০/- বিতরণ করা হয়েছে। চলমান আদায়যোগ্য ২৯৩১০০/- আদায়কৃত ২৩৭৭০০/- আদায়ের হার ৮১%। ক্রমপুঞ্জিত বিতরণ ২৫৩ জনকে ১৪৯২০০০০/-। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ১০৯২৯২০০/-, ক্রমপুঞ্জিত আদায়কৃত ৯৭১৮৫০০/- আদায়ের হার ৮৯%।

০৪। যুব সংগঠনঃ অত্র উপজেলায় ১৫টি তালিকাভুক্ত সংগঠন আছে। স্বীকৃতিপ্রাপ্ত ৪ টি। তন্মধ্যে সক্রিয় ৮টি। সংগঠনগুলো তাদের গঠনতন্ত্র অনুযায়ী বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে।

০৫। বিবিধঃ উপজেলা পরিষদেও পরিচালনা ও উন্নয়ন বাজেট হইতে বরাদ্দ পাওয়ার ৩০ জন যুব/যুব মহিলাকে গ্রাম ভিত্তিক ইলেক্ট্রিশিয়ান তৈরী প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। তার পরও অত্র কার্যালয়ে বেকার যুব/যুব মহিলারা কৃষিভিত্তিক প্রশিক্ষণ ছাড়াও কম্পিউটার, ফিল্ম্যাঙ্গিং, মোবাইল সার্ভিস, ড্রাইভিংসহ বিভিন্ন কারিগরী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ নিয়ে তাদের বেকারত্ব দূর করতে চায়। যুব উন্নয়ন অধিদপ্তর শুধুমাত্র কৃষি ভিত্তিক ০৭দিন মেয়াদী প্রশিক্ষণের জন্য বরাদ্দ পেয়ে থাকে তাই উল্লিখিত প্রশিক্ষণ কোর্সগুলি তারাকান্দায় করানো সম্ভব হয়না। এমতাবস্থায় তারাকান্দা উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী অথবা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদান করা হইলে প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা যাবে।

সিদ্ধান্ত

১. লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, আত্মকর্মী সৃজন, ঋণ বিতরণ ও আদায় পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।
২. যুব ঋণ যাতে প্রশিক্ষিত প্রকল্প গ্রহনকারী প্রকৃত যুবরাই পায় সে দিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়। তাছাড়া প্রকল্পধারী যুব/যুব মহিলাদের প্রকল্পগুলি নিয়মিত পরিদর্শনপূর্বক তাদেরকে উৎসাহিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।
৩. প্রামাণিক ইলেকট্রনিক তৈরী প্রশিক্ষণটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য উপজেলা পরিষদের নিকট সুপারিশ করা হল ও উক্ত বিষয়টি আঞ্চলিক উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হল।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ দিয়ে সভার কাজ শেষ করেন।

(মোঃ মজিবুল ইসলাম ময়ন)
সভাপতি

যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তারাকান্দা, ময়মনসিংহ।

স্মারক নং- ৩৪.০১.৬১৮৮.০০০.০৬.০৫৩.১৯-৩২২

তারিখঃ ০৭.০১.২০২২ খ্রি.

অনুদ্বিগ্ন সদর অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ০৩। অফিস নথি।

(মোঃ রমিজ উদ্দিন আহম্মেদ)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
তারাকান্দা, ময়মনসিংহ।